## ২০২১ইং সালের আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির দ্বিমাসিক সভার কার্যবিবরনী ঃ-

সভাপতি ঃ জনাব দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ১২ই ডিসেম্বর ২০২১খ্রিঃ। সভার সময় বেলা ১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

আলোচ্য বিষয় ঃ ১। উপজেলার আইন শৃঙ্খলার সার্বিক প্রসঙ্গে

২। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ

১। জনাব দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

২। জনাব বিবেকানন্দ মজুমদার বকুল, চেয়ারম্যান, ২নং হবিবপুর ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

৩। জনাব মোঃ জামান চৌধুরী, চেয়ারম্যান, ৪নং শাল্লা ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ।

৫। অফিসার ইনচার্জ, শাল্লা থানা, সুনামগঞ্জ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাল্লা সভাকে অবহিত করেন যে, উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি বর্তমানে সুন্দর ও স্বাভাবিক রয়েছে। কোথাও কোনরূপ করাপসন সংঘঠিত হয়নি। নিয়মিত ভাবে কমিউনিটি পুলিশের পাশাপাশি আমাদের আনসার সদস্য ও গ্রাম পুলিশগণ সঠিক ভাবে দায়িত্ব পালন করে আসছে। তবে আমাদের গ্রাম পুলিশ ও আনসার সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ অতীব জরুরী।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাল্লার প্রস্তাবনার আলোকে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি শান্ত ও স্বাভাবিক রাখতে কমিউনিটি পুলিশের পাশাপাশি আনসার সদস্য ও গ্রাম পুলিশের ভূমিকাকে সাধুবাদ জ্ঞাপন করা হয় এবং তাদের দক্ষতা বৃদ্ধিতে মৌলিক আর্মড প্রশিক্ষণের প্রস্তুতির জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাল্লাকে সভায় সর্বসম্মত ভাবে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় আবারও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

(মোঃ আমিনুল ইসলাম)
অফিসার ইনচার্জ,
ও সদস্য সচিব
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি,
শাল্লা, সুনামগঞ্জ।

(দিপু রঞ্জন দাশ)
ভাইস চেয়ারম্যান,
ও আহব্বায়ক
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি,
শাল্লা, সুনামগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতির জন্য-**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।

৪। অফিসার ইনচার্জ, শাল্লা থানা, সুনামগঞ্জ।

৫। সংরক্ষিত নথি।

**২০২২ইং সালের আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির দ্বিমাসিক সভার কার্যবিবরনী ঃ-**

সভাপতি ঃ জনাব দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ১১ই এপ্রিল ২০২২খ্রিঃ। সভার সময় বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।

আলোচ্য বিষয় ঃ ১। উপজেলার আইন শৃঙ্খলা জোরদারে আনসার ও গ্রাম পুলিশদের প্রশিক্ষন প্রদান প্রসঙ্গে
২। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ

১। জনাব দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
২। জনাব আবদুল্লাহ আল নোমান, চেয়ারম্যান, ১নং আটগাঁও ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
৩। জনাব মোঃ ছাত্তার মিয়া, চেয়ারম্যান, ৪নং শাল্লা ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ।
৫। অফিসার ইনচার্জ, শাল্লা থানা, সুনামগঞ্জ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাল্লা সভাকে অবহিত করেন যে, আইন-শৃংখলা রক্ষার্থে থানা-পুলিশের পাশাপাশি আমাদের আনসার সদস্য ও গ্রাম পুলিশগণও বিশেষভাবে ভূমিকা পালন করে আসছে। কিন্তু আমাদের আনসার সদস্য ও গ্রাম পুলিশদের দক্ষতা অর্জনে কোনরূপ মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়নি। তাই তাদেরকে আরো দক্ষ ও সাহসী করে গড়ে তোলার জন্য প্রশিক্ষণের বিশেষ প্রয়োজন। কিন্তু দাপ্তরিক ভাবে এরূপ প্রশিক্ষণ প্রদানের জন্য কোনরূপ আর্থিক সহায়তা না পাওয়ায় প্রশিক্ষণ প্রদান সম্ভব হচ্ছে না। যদি উপজেলা পরিষদের রাজস্ব/বিবিধ খাতের অর্থায়নে এরূপ একটি মৌলিক প্রশিক্ষণের আয়োজন করা হয় তাহলে আমাদের গ্রাম পুলিশ ও আনসার সদস্যগণ অধিক দক্ষ ও সাহসী হবে বলে আমি মনে করি। তাই উক্ত সভায় আমি সংশ্লিষ্ট মহলের আশুদৃষ্টি কামনা করছি।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাল্লার প্রস্তাবনার আলোকে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলার প্লাটুন/সদস্য পদধারী আনসার সদস্য এবং গ্রাম পুলিশের তালিকা প্রস্তুত করত: একটি প্রশিক্ষণ সিডিউল এবং সম্ভাব্য আর্থিক ব্যয় ও সুফল উল্লেখ পূর্বক একটি মাস্টার ফাইল উপজেলা অর্থ, সম্পদ, পরিকল্পনা ও বাজেট বিষয়ক স্থায়ী কমিটিতে প্রেরণ ও উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাল্লাকে সভায় সর্বসম্মতক্রমে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় আবারও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

(মোঃ আমিনুল ইসলাম)
অফিসার ইনচার্জ,
ও সদস্য সচিব
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি,
শাল্লা, সুনামগঞ্জ।

(দিপু রঞ্জন দাশ)
ভাইস চেয়ারম্যান,
ও আহব্বায়ক
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি,
শাল্লা, সুনামগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতির জন্য-**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
৪। অফিসার ইনচার্জ, শাল্লা থানা, সুনামগঞ্জ।
৫। সংরক্ষিত নথি।